রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, মার্চ ২৩, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**প্রশাসন ও সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১/১২ মার্চ ২০২৫

**নং ৫৭.০০.০০০০.০৪০.১৬.০০২.২৩-২০৭**—কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় সকল জেলায় অবস্থিত সরকারি, এমপিওভুক্ত এবং নন-এমপিওভুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থাপনার গুণগত মানোন্নয়নসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং অংশীজনের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে নিম্নোক্তভাবে **"জেলা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা কমিটি"** গঠন করা হলো:

| ক্র. নং | নাম ও প্রতিষ্ঠান | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | ০১ (এক) জন অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৬. | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৭. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮. | জেলা ক্রীড়া অফিসার | সদস্য |
| ৯. | জেলা চেম্বার অব কমার্সের প্রতিনিধি | সদস্য |
| ১০. | জেলায় অবস্থিত সংশ্লিষ্ট শিল্প কারখানার (যদি থাকে) প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |

| ক্র. নং | নাম ও প্রতিষ্ঠান | কমিটিতে পদ |
|---|---|---|
| ১২. | নন-এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | সরকারি/এমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ সুপার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | নন-এমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | সংশ্লিষ্ট জেলার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট/টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষার প্রতি জনসচেতনতা বৃদ্ধি, প্রচার ও প্রসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দিক-নির্দেশনা প্রদান;

খ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষায় শিক্ষার্থী ভর্তি এবং ঝরে পড়া রোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

গ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রমের তদারকি, সার্বিক আইন-শৃঙ্খলাসহ শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সহায়তা প্রদান;

ঘ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোসমূহের গুণগতমান নিশ্চিতে বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও সহায়তা প্রদান;

ঙ) জেলার ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ তৈরি ও উন্নয়নে দিক-নির্দেশনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

চ) চাহিদা ভিত্তিক ট্রেড/টেকনোলজি নির্ধারণে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ছ) শিল্প-কারখানায় শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

০২. কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করবে এবং কার্যবিবরণী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে।

০৩. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪. জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাছিনা আক্তার**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd